

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
(অফিস) ৮৬১৩২৮০  
৯৬৬১৯০০-৫৯/৪০৫০  
ফ্যাক্স: ৮৮০-২-৮৬১৫৫৮৩

OFFICE OF THE CONTROLLER OF  
EXAMINATIONS  
UNIVERSITY OF DHAKA  
DHAKA-100, BANGLADESH  
Phone : (off.) 8613280

9661900-59/4050.

Fax : 880-2-8615583

E-mail : vcoffice@du.ac.bd., registrar@du.ac.bd.

নং ৪৩১/শা-২/প.

পরিচালক,

ঢাকা স্কুল অব ব্রডকাস্ট জার্নালিজম

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ক্যাম্পাস

১২৫/এ, দারুস সালাম

এ, ভলিউ, চৌধুরী রোড

ঢাকা-১২১৬।

মহাপরিচালক
অতিরিক্ত মহাপরিচালক
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান)
পরিচালক (প্রশিক্ষণ-প্রকৌশল)

তারিখ : ০২ জুলাই ২০১৮

১৮ আষাঢ় ১৪২৫

বিষয় :- এন্ট্রিফরম ও ফিস জমা দেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম কোর্সের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ২য় ব্যাচ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক আপনার প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের এন্ট্রিফরম ও ফিস (অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ) আগামী ১৯/০৭/২০১৮ তারিখের মধ্যে অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

পরীক্ষা ফিস ও অন্যান্য ফিসের হার নিম্নরূপ :-

পরীক্ষার নাম	পরীক্ষার ফিস	কেন্দ্র ফিস	মার্কশীট ফিস	রিটেনশন ফিস (অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে)	নন-কলেজিয়েট ফিস (নন-কলেজিয়েট পরীক্ষার্থীর ক্ষেত্রে)
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম (২য় সেমিস্টার ফাইনাল)	৯,০০০/-	৭৫০/-	৪৫০/-	৭৫০/-	২,২৫০/-

পরীক্ষার্থীকে ক্লাশে উপস্থিতির শতকরা হারসহ এন্ট্রিফরমের প্রত্যেকটি কলাম সঠিকভাবে পূরণ করতে হবে। উল্লেখ্য, কোর্সে ভর্তির মাস ও সন এবং পরীক্ষায় অবতীর্ণ পত্র/পত্রসমূহের নাম অবশ্যই স্পষ্ট করে লিখতে হবে। অন্যথায় প্রবেশপত্র সরবরাহ করা সম্ভব হবেনা।

পরীক্ষার ফিসের টাকা "Fees from the Constituent College" এর নামে একটি মাত্র এম.আই.সি.আর. পদ্ধতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের (A/c Payee) মাধ্যমে অত্র অফিসে জমা দিতে হবে (পুরাতন পদ্ধতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না)।

ফরম ও ফিস দাখিলের সঙ্গে বর্ণিত নিয়মাবলী অনুসারে কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি অত্র অফিসে দাখিল করতে হবে। অন্যথায় ফরম ও ফিস গ্রহণ করা হবে না।

আপনার অফিস কর্তৃক পরীক্ষার্থীদের পূর্ণ নাম ও অন্যান্য তথ্য একই ইমপ্রেশনে স্পষ্টভাবে টাইপ করে ৬ (ছয়) কপি রোলশীট (নমুনা সংযুক্ত) অবশ্যই দাখিল করতে হবে। রোলশীট টাইপ করার পর উহা এন্ট্রিফরমের সঙ্গে চূড়ান্তভাবে নিরীক্ষা করতে হবে যাতে রোলশীটে পরীক্ষার্থীর নামের বানানে বা অন্য কোন ভুল না থাকে। হাতে লেখা রোলশীট কোন ক্রমেই গ্রহণ করা হবে না। কোন রোলশীটে ২০ (বিশ) টির অধিক নাম টাইপ করা চলবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাবে না।

রোলশীটে রোল নম্বর চিহ্নিত ঘর খালি থাকবে। ২য় সেমিস্টার পরীক্ষার্থীদের ক্ষেত্রে ১ম সেমিস্টার পরীক্ষায় উত্তীর্ণের মাস/সন উল্লেখ করতে হবে। রোলশীটে প্রত্যেক পরীক্ষার্থীর নামের পাশে "Regular/Irregular" শব্দ টাইপ করিতে হইবে।

প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাশে হাজিরা ৬০% হইতে ৭৪% এর মধ্যে আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে নন-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসাবে গণ্য করিতে হইবে এবং নন-কলেজিয়েট ফিস পরিশোধ করিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাশে হাজিরা ৬০% এর কম আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসাবে গণ্য হইবে-তাহারা পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

\* প্রোগ্রামার, অফিসে প্রবেশের অনুমতি নহে।

পরীক্ষার প্রবেশ পত্র ও এন্ট্রি ফরম পরীক্ষার্থীদেরকে নিজ হস্তে পূরণ করিতে হইবে। প্রবেশ পত্রের যথাস্থানে পরীক্ষার্থীর একটি পাসপোর্ট আকারের ছবি লাগাইতে হইবে। ছবিটি পরিচালক মহোদয় এইরূপে সত্যায়িত করিবেন যাহাতে তাহার স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ ছবির বাহিরে প্রবেশ পত্রের উপর থাকে।

ফরম ও ফিস জমা দেয়ার সময় “আপ-টু-ডেট” অধিভুক্তির কাগজপত্রের (আপনার কর্তৃক সত্যায়িত) কপি জমা দিতে হবে।

প্রয়োজনীয় সংখ্যক এন্ট্রিফরম ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ৩১০ নং কক্ষ হতে ফরম প্রতি ১০০/- (একশত) টাকা হারে দিয়ে সংগ্রহ করিতে হবে।

আপনার অফিস কর্তৃক এন্ট্রিফরম ও রোলশীট নিরীক্ষান চূড়ান্ত বলে গণ্য হবে।


আপনার বিশ্বস্ত,  
স্বাক্ষর/মোঃ বাহালুল হক চৌধুরী  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং- ৪৩২/শা-২/প.

তারিখ : ০২ জুলাই ২০১৮  
১৮ আষাঢ় ১৪২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হল :-

- ১। উীন, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। ম্যানেজার, জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় (টি.এস.সি) শাখা, ঢাকা।
- ৬। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন অফিসার, পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

০২ JUL 2018

